



স্মারক নং-১২.০৬.৯১০০.৬৭৫.০০০.৯৯.০০১৭.২৬.৬৫৭

তারিখ: ০২ আশ্বিন ১৪৩৩
১৭ সেপ্টেম্বর ২০২৬

২০২৬-২৭ বিতরণ বর্ষে সিলেট অঞ্চলের বোরো ধানবীজ বিক্রয়ের বিজ্ঞপ্তি

বীজ বিতরণ বিভাগ, বিএডিসি, ঢাকার ০৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ১২.০৬.০০০০.২৭৫.৯৯.২৯৯.২৬.৪৩৪ স্মারক মূলে সিলেট অঞ্চলের বিপরীতে ভিত্তি/প্রত্যায়িত/ মানঘোষিত জাতের ৮৯৮১.৯২১ মে.টন বোরো ধান বীজের জেলাওয়ারী বরাদ্দ পাওয়া গেছে। সদর দপ্তরের সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা অনুযায়ী অত্র দপ্তর স্মারক নং-৬৫৩,৬৫৪,৬৫৫ ও ৬৫৬ তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২৬ মূলে সিলেট অঞ্চলের সকল ডিলারের মধ্যে ও কৃষকের নিকট বীজ বিক্রয় কেন্দ্রে সরাসরি বিক্রির জন্য বরাদ্দ প্রদান করা হলো।

বরাদ্দকৃত বোরো ধানবীজ সিলেট,মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার বীজ ডিলারগণ “বোরো ধানবীজ প্রাপ্তি হিসাব এসএনডি হিসাব নং-৫৬৩১৭০৩০০০০৪৫” সোনালী ব্যাংক পিএলসি, টিলাগড় শাখা,সিলেট বরাবরে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট করে আঞ্চলিক বীজ গুদাম, বিএডিসি, ইসলামপুর, সিলেট এর নিকট জমা করে ক্যাশ মেমোর মাধ্যমে বীজ উত্তোলন করতে পারবেন।

সুনামগঞ্জ জেলার বীজ ডিলারগণ “বোরো ধানবীজ প্রাপ্তি হিসাব এসএনডি হিসাব নং-৫৯১০৫০৩০০০১১৯” সোনালী ব্যাংক পিএলসি, সুনামগঞ্জ শাখা, সুনামগঞ্জ বরাবরে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট করে উপসহকারী পরিচালক(বীজ বিপণন), বিএডিসি, মল্লিকপুর, সুনামগঞ্জ এর নিকট জমা করে ক্যাশ মেমোর মাধ্যমে বীজ উত্তোলন করতে পারবেন।

বীজ সরবরাহ নেয়ার পূর্বে যে কোন এক বা একাধিক বস্তার মূখ খুলে বীজের গুণাগুণ সম্পর্কে ত্রুটিগণ নিশ্চিত হবেন। বীজ সরবরাহ নেয়ার পর বীজ সম্পর্কে কোন অভিযোগ বা আপত্তি গ্রহণ যোগ্য বলে বিবেচিত হবে না।

ডিলারগণ বীজ উত্তোলন করে ৭২ ঘণ্টার মধ্যে উপজেলা নিবাহী অফিসার/উপজেলা কৃষি অফিসার বরাবরে Arrival Report প্রদান করে ক্যাশমেমোর মাধ্যমে বীজ বিক্রয় করবেন। বীজ ডিলারগণ Arrival Report প্রদান না করলে কিংবা নির্ধারিত মূল্যের অধিক মূল্যে বীজ বিক্রয় করলে লাইসেন্স বাতিল করা হবে। বীজ ডিলার নিজে উপস্থিত হয়ে বীজ গ্রহণ করবেন। কোন কারণে বীজ ডিলার উপস্থিত না থাকতে পারলে প্রতিষ্ঠানের প্যাডে তাঁর লিখিত মনোনীত ব্যক্তির মাধ্যমে বীজ উত্তোলন করা যাবে।

মহাব্যবস্থাপক(বীজ),বিএডিসি ঢাকা মহোদয়ের স্মারক নং ১২.০৬.০০০০.২৭৫.৯৯.২৯৯.২৬.৪৩৩ তারিখ ০৮ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. মোতাবেক বরাদ্দকৃত বোরো ধানবীজ নিম্নবর্ণিত সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা:

ছক-‘ক’ সমুদয় বোরো ধানবীজ বিক্রির সময়কাল:

ক্র: নং	বিষয়	বোরো ধানবীজ বিক্রির নির্ধারিত সময়	মন্তব্য
১	বীজ ডিলার এবং স্থানীয় বিভিন্ন দপ্তরসমূহকে অবহিতকরণ	০৯ সেপ্টেম্বর ২০২৬	
২	অঞ্চলের সকল বীজ ডিলারদের মাঝে সমহাও সমুদয় বোরো ধানবীজ বরাদ্দ	১০-১৯ সেপ্টেম্বর ২০২৬	
৩	বিআর১৪.ব্রি ধান৯৬,ব্রি ধান১০০ ও ব্রি ধান১০৮ জাতের সকল শ্রেণির বীজ ও ভিত্তি বীজ ব্যতিত ‘আগে আসলে আগে পাবেন ভিত্তিতে’ সকল জাতের প্রত্যায়িত/মানঘোষিত বীজ অঞ্চলের সকল ডিলারদের মাঝে উন্মুক্ত বিক্রি	২০-২৬ সেপ্টেম্বর ২০২৬	
৪	‘Seed Without Region’ এর আওতায় ‘আগে আসলে আগে পাবেন ভিত্তিতে’ সারা দেশের সকল বীজ ডিলারদের জন্য সকল জাত শ্রেণির বীজ উন্মুক্তকরণ	২৬ সেপ্টেম্বর ২০২৬- শেষ না হওয়া পর্যন্ত	

উল্লেখ্য যে, যে সকল বীজ ডিলারগণ ১৫ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে বোরো ধানবীজ উত্তোলন করবেন শুধুমাত্র তাদের ক্ষেত্রে কেজি প্রতি ০১ (এক) টাকা ছাড় প্রযোজ্য হবে।

২০২৬-২৭ বিতরণ বর্ষের বোরো ধানবীজের বিক্রয় মূল্য

(হিসাব: কেজি/টাকা)

ক্রঃ নং	বীজের জাত	ভিডি		প্রত্যাশিত/মানঘোষিত	
		ডিলার পর্যায়	কৃষক/প্রতিষ্ঠান পর্যায়	ডিলার পর্যায়	কৃষক/প্রতিষ্ঠান পর্যায়
১	ব্রি ধান২৮, ব্রি ধান৬৭, ব্রি ধান৮১, ব্রি ধান৮৪, ব্রি ধান৮৬, ব্রি ধান৮৮, ব্রি ধান ১০০, ব্রি ধান১০১, ব্রি ধান১০২, ব্রি ধান১০৫, ব্রি ধান১০৭, ব্রি ধান১০৮, ব্রি ধান১১৩ ও বিনা ধান২৫	৬২.০০	৭০.০০	৫৫.০০	৬৩.০০
২	বিআর১৪, বিআর১৬, বিআর২৬, ব্রি ধান২৯, ব্রি ধান৫৮, ব্রি ধান৭৪, ব্রি ধান৮৯, ব্রি ধান৯২, ব্রি ধান৯৬, ব্রি ধান৯৭, ব্রি ধান৯৯, ব্রি ধান১১৪, বিনা ধান৮, বিনা ধান১০, বিনা ধান১৪ ও বিনা ধান২৪ ও অন্যান্য সকল জাত	৬১.০০	৬৯.০০	৫৪.০০	৬২.০০
৩	ব্রি ধান৫০, ব্রি ধান৬৩ ও ব্রি ধান১০৪	৭২.০০	৮০.০০	৬৫.০০	৭৩.০০
৪	বাংলাজিরা	৭২.০০	৮০.০০	৬৫.০০	৭৩.০০
৫	SL-8h, ব্রি হাইব্রিড ধান৩ (Win-302) (০১ কেজির প্যাকেট)	-	-	৩০০.০০	৩৬০.০০
৬	SL-8h (০১ কেজির প্যাকেট) (কারিগড়ভার)	-	-	২৮০.০০	৩৪০.০০
৬	ব্রি হাইব্রিড ধান৮ (০১ কেজির প্যাকেট)	-	-	২৭০.০০	৩২০.০০

বীজ ডিলার নিয়োগের চুক্তিপত্রে উল্লেখিত শর্তাবলী প্রতিপালন পূর্বক বীজ ডিলারগণ বীজ বিক্রির ব্যবস্থা নিবেন। এক্ষেত্রে বীজ বিক্রয় সংক্রান্ত প্রচলিত অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৯৪ এর উপ-ধারা (৩) অনুযায়ী বীজ ডিলারের নিকট বিক্রয় মূল্যের উপর সরকার নির্ধারিত হারে উৎসে আয়কর প্রযোজ্য হবে।



(মো: হুমায়ুন কবীর)

(পরিচিতি নম্বর: ০২০২১৩)

উপপরিচালক (বীজ বিপণন),

বিএডিসি, সিলেট।

মোবা: +৮৮০১৯৯৮-৭৭১৩৬০

ddsmbadcsylhet@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে:

১. মহাব্যবস্থাপক(বীজ), বিএডিসি, ঢাকা
২. অতিরিক্ত মহাব্যবস্থাপক(বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা
৩. যুগ্মপরিচালক(বীজ বিপণন), বিএডিসি, সিলেট বিভাগ, সিলেট
৪. সিনিয়র সহকারী পরিচালক(বীজ বিপণন), বিএডিসি, সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ
৫. উপসহকারী পরিচালক(বীজ বিপণন), বিএডিসি, কুলাউড়া, মৌলভীবাজার
৬. গুদাম রক্ষক, আঞ্চলিক বীজ গুদাম, বিএডিসি, ইসলামপুর, সিলেট
৭. জনাব বীজ ডিলার, মেসার্স....., উপজেলা-..... জেলা-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার বীজ মনিটরিং কমিটি, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ
২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার বীজ মনিটরিং কমিটি, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ
৩. উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল উপজেলা) সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ জেলা
৪. উপজেলা কৃষি কর্মকর্তা, ... (সকল উপজেলা) সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ জেলা